# মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ৭৬০

২০. হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ ১৯. হজে তামাত্তু

## بَاب مَا جَاءَ فِي التَّمَتُّعِ

আরবী

وَحَدَّثَنِي عَنْ مَالِك عَنْ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ أَنَّهُ كَانَ يَقُولُ مَنْ اعْتَمَرَ فِي أَشْهُرِ الْحَجِّ فِي شَوَّالٍ أَوْ ذِي الْقَعْدَةِ أَوْ فِي ذِي الْحِجَّةِ قَبْلَ الْحَجِّ ثُمَّ أَقَامَ بِمَكَّةَ حَتَّى يُدْرِكَهُ الْحَجُّ فَهُوَ مُتَمَتِّعٌ إِنْ حَجَّ وَعَلَيْهِ مَا اسْتَيْسَرَ مِنْ الْهَدْيِ فَإِنْ لَمْ يَجِدْ فَصِيَامُ ثَلَاثَةِ أَيَّامٍ فِي الْحَجِّ وَسَبْعَةٍ إِذَا رَجَعَ
قَالَ مَالِك وَذَلِكَ إِذَا أَقَامَ حَتَّى الْحَجِّ ثُمَّ حَجَّ مِنْ عَامِهِ قَالَ مَالِك فِي رَجُلٍ مِنْ أَهْلِ مَكَّةَ انْقَطَعَ إِلَى غَيْرِهَا وَسَكَنَ سِوَاهَا ثُمَّ قَدِمَ مُعْتَمِرًا فِي أَشْهُرِ الْحَجِّ ثُمَّ أَقَامَ بِمَكَّةَ حَتَّى أَنْشَأَ الْحَجَّ مِنْهَا إِنَّهُ مُتَمَتِّعٌ يَجِبُ عَلَيْهِ الْهَدْيُ أَوْ الصِّيَامُ إِنْ لَمْ يَجِدْ هَدْيًا وَأَنَّهُ لَا يَكُونُ مِثْلَ أَهْلِ مَكَّةَ وَسُئِلَ مَالِك عَنْ رَجُلٍ مِنْ غَيْرِ أَهْلِ مَكَّةَ دَخَلَ مَكَّةَ بِعُمْرَةٍ فِي أَشْهُرِ الْحَجِّ وَهُوَ يُرِيدُ الْإِقَامَةَ بِمَكَّةَ حَتَّى يُنْشِئَ الْحَجَّ أَمُتَمَتِّعٌ هُوَ فَقَالَ نَعَمْ هُوَ مُتَمَتِّعٌ وَلَيْسَ هُوَ مِثْلَ أَهْلِ مَكَّةَ وَإِنْ أَرَادَ الْإِقَامَةَ وَذَلِكَ أَنَّهُ دَخَلَ مَكَّةَ وَلَيْسَ هُوَ مِنْ أَهْلِهَا وَإِنَّمَا الْهَدْيُ أَوْ الصِّيَامُ عَلَى مَنْ لَمْ يَكُنْ مِنْ أَهْلِ مَكَّةَ وَأَنَّ هَذَا الرَّجُلَ يُرِيدُ الْإِقَامَةَ وَلَا يَدْرِي مَا يَبْدُو لَهُ بَعْدَ ذَلِكَ وَلَيْسَ هُوَ مِنْ أَهْلِ مَكَّةَ

বাংলা

রেওয়ায়ত ৬৫. আবদুল্লাহ ইবন উমর (রাঃ) বলেনঃ যদি কেউ হজ্জের মাসে অর্থাৎ শাওয়াল, যিলকা’দা, যিলহজ্জ মাসে হজ্জের পূর্বে উমরা আদায় করিয়া মক্কায় এতদিন অবস্থান করে, যতদিনে সে হজ্জই আদায় করিতে পারে, তাহার এই হজ্জ তামাত্তু বলিয়া গণ্য হইবে এবং সামর্থ্য অনুযায়ী তাহার উপর কুরবানী করা জরুরী হইবে। যদি কুরবানী করার সামর্থ্য তাহার না থাকে তবে মক্কায় অবস্থানকালে তিনদিন এবং বাড়ি ফিরিয়া আর সাতদিন তাহাকে রোযা রাখিতে হইবে। মালিক (রহঃ) বলেনঃ উক্ত হুকুম তখনই প্রযোজ্য হইবে যখন উমরা সমাপন করিয়া হজ্জ পর্যন্ত মক্কায় অবস্থানরত থাকিবে এবং হজ্জও করিবে।

মালিক (রহঃ) বলেনঃ মক্কার বাসিন্দা কোন ব্যক্তি অন্য কোথাও গিয়া বসতি স্থাপন করিল। হজ্জের মাসে সে উমরা করিতে আসিয়া মক্কায় অবস্থান করিয়া হজ্জ সমাধা করিল। তাহার এই হজ্জ হজ্জে তামাত্তু বলিয়া গণ্য হইবে। এই ব্যক্তির উপর কুরবানী করা জরুরী হইবে। কুরবানী করিতে না পারিলে তাহাকে রোযা রাখিতে হইবে। মক্কার অপরাপর স্থায়ী বাসিন্দার মত তাহার হুকুম হইবে না।

ইয়াহইয়া (রহঃ) বলেনঃ মালিক (রহঃ)-কে জিজ্ঞাসা করা হইল- হজ্জের মাসে মক্কার বাহিরের অধিবাসী এক ব্যক্তি উমরার ইহরাম বাঁধিয়া মক্কায় আসিল এবং উমরা করিয়া হজ্জ সমাধা করার নিয়তে মক্কায় রহিয়া গেল। তাহার এই হজ্জ তামাত্তু বলিয়া গণ্য হইবে কি? তিনি বলিলেনঃ হ্যাঁ, মক্কাবাসীদের মত তাহার হুকুম হইবে না। মক্কায় থাকবার নিয়ত যদিও সে করিয়াছে, কিন্তু সে মক্কায় যখন প্রথম পদার্পণ করিয়াছিল তখন সে মক্কার বাসিন্দা ছিল না। সুতরাং কুরবানী দেওয়া এবং কুরবানী দিতে হইলে রোযা রাখা এইরূপ ব্যক্তির উপর ওয়াজিব হইবে। কারণ এই ব্যক্তি মক্কায় কেবল অবস্থান করার নিয়ত করিয়াছে এবং সামনের ব্যাপার কি হইবে তাহাও

সে জানে না। এমতাবস্থায় সে মক্কাবাসী বলিয়া গণ্য হইবে না।

## English

Yahya related to me from Malik, from Abdullah ibn Dinar, that Abdullah ibn Umar used to say, "Anyone that does umra in the months of hajj, that is, in Shawwal, Dhu'l-Qada, or in Dhu'l-Hijja before the hajj, and then stays in Makka until the time for hajj, is doing tamattu if he then does hajj. He must sacrifice whatever animal it is easy for him to obtain, and if he cannot find one then he must fast three days during hajj and seven days when he returns."

Malik said, "This is only the case if he stays until the hajj and does hajj in that same year."

Malik said that if someone who was from Makka but had stopped living there and gone to live elsewhere, came back to do umra in the months of the hajj and then stayed in Makka to begin hajj there, he was doing tamattu, and had to offer up a sacrificial animal, or fast if he could not find one. He was not the same as the people of Makka.

Malik was asked whether someone who was not from Makka and entered Makka to do umra in the months of hajj with the intention of staying on to begin his hajj there was doing tamattu or not, and he said, "Yes, he is doing tamattu, and he is not the same as the people of Makka, even if he has the intention of staying there. This is because he has entered Makka, and is not one of its people, and making a sacrifice or fasting is incumbent on anyone who is not from Makka, and, although he intends to stay, he does not know

what possibilities might arise later. He is not one of the people of Makka."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=73655

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন